অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/9/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঐতিহাসিক স্থানের স্টেট ও জাতীয় নিবন্ধন তালিকায় জন্য 13 মনোনয়ন ঘোষণা করলেন

সাইটগুলি বিভিন্ন ধরনের ইতিহাসের প্রতিনিধিত্ব করে, যার মধ্যে আছে রচেস্টারের LGBTQ+ ইতিহাসের সাথে সংশ্লিষ্ট একটি মুখ্য সাইট, ম্যানহাটনের আপার ওয়েস্ট সাইডে একটি ঐতিহাসিক সিনাগগ, ইথাকায় একটি সরকারি পার্ক, ইয়োঙ্কার্সের নাগরিক অধিকার ইতিহাসের সাথে সংযুক্ত একটি গির্জা এবং ইডেন টাউনে পুনরায় নির্মিত লাস্ট্রন হাউজ

কলাম্বিয়া কাউন্টির একটি তালিকাভুক্ত সংস্থান জাতীয় পার্ক সেবার কাছে হস্তান্তর করতে বোর্ড একটি অনুরোধ জমা দিয়েছে

নিবন্ধন তালিকা সরকারি ও বেসরকারি বিনিয়োগের মাধ্যমে সংরক্ষণ নিশ্চিত করতে সাহায্য করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট ঐতিহাসিক সংরক্ষণ বোর্ড (New York State Board for Historic Preservation) ঐতিহাসিক স্থানের স্টেট ও জাতীয় নিবন্ধন তালিকায় (State and National Registers of Historic Places) 13টি সম্পত্তিকে যোগ করার এবং তালিকাভুক্ত সংস্থানকে জাতীয় পার্ক সেবার (National Park Service) কাছে হস্তান্তরের সুপারিশ করেছে। মনোনয়নসমূহের মধ্যে রয়েছে রচেস্টারের LGBTQ+ ইতিহাসের সাথে সংশ্লিষ্ট একটি মুখ্য সাইট, ম্যানহাটনের আপার ওয়েস্ট সাইডে একটি ঐতিহাসিক সিনাগগ, ইথাকায় একটি সরকারি পার্ক, ইয়োঙ্কার্সের নাগরিক অধিকার ইতিহাসের সাথে সংযুক্ত একটি গির্জা এবং ইডেন টাউনে পুনরায় নির্মিত লাস্ট্রন হাউজ।

"নিউ ইয়র্কের গঠিত পরিবেশ আমাদেরকে আমাদের স্টেটের সমৃদ্ধ ও বৈচিত্র্যময় ইতিহাসের কথা মনে করিয়ে দেয়," **গভর্নর হোকল বলেন।** "এই মনোনয়নগুলি আমাদের অতীতের কিছু অংশের প্রতিফলন করবে এবং নিউ ইয়র্কবাসীদের বিকাশ, উদ্ভাবন, বাহ্যিক প্রকাশ ও পরিবর্তনকে প্রদর্শন করবে। আমাদের ঐতিহাসিক নিবন্ধন তালিকায় এই সাইটগুলি যোগ করা হলে তা নিউ ইয়র্কের গল্পে তাদের অতীতের এবং ভবিষ্যতের ভূমিকার উপর গুরুত্ব দিবে।"

স্টেট এবং জাতীয় নিবন্ধন তালিকাভুক্ত হলে তা সম্পত্তিগুলি পুনরুজ্জীবিত করতে এবং সেগুলিকে স্টেটের অনুদান এবং স্টেট ও ফেডারেল ঐতিহাসিক পুনর্বাসন কর ক্রেডিটের মতো বিভিন্ন সরকারি সংরক্ষণ কর্মসূচি এবং পরিষেবা, পাওয়ার যোগ্য করে তোলার ক্ষেত্রে সম্পত্তির মালিকদের সহায়তা করতে পারে।

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিসের (Office of Parks, Recreation and Historic Preservation) কমিশনার এরিক কুলেসিড বলেন, "আমাদের ঐতিহাসিক সংস্থানে বিনিয়োগ হলো আমাদের ভবিষ্যতে বিনিয়োগ। আমাদের সংস্থানসমূহ কতটা অসাধারণ, স্টেট পার্কস তা জানে এবং আমরা সেই ঐতিহাসিক বুননকে সংরক্ষণ ও এর প্রচার করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। স্টেট এবং জাতীয় নিবন্ধনের স্বীকৃতি এবং স্টেট এবং ফেডারেল কর ক্রেডিটের সুযোগ সংরক্ষণ প্রয়াসকে অগ্রসর করতে সাহায্য করতে পারবে এবং আমাদের সম্প্রদায়সমূহে বাড়তি বিনিয়োগ উৎসাহিত করতে পারবে।"

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিসের ঐতিহাসিক সংরক্ষণের ডেপুটি কমিশনার ড্যানিয়েল ম্যাকি বলেন, "মনোনয়নগুলি আমাদের শহর, টাউন, ও এলাকায় বিদ্যমান ঐতিহাসিক অবকাঠামোর প্রস্থের একটি দারুণ প্রতিফলন এবং তা আমাদেরকে মনে করিয়ে দেয় যে কীভাবে এই স্থানগুলি আমাদের সামগ্রিক ইতিহাস বলতে পারে। ঐতিহাসিক সংরক্ষণ বিভাগে, আমরা নিউ ইয়র্কের ঐতিহাসিক সংস্থান সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ, যার মধ্যে রয়েছে স্টেট ও জাতীয় নিবন্ধন তালিকার আখ্যা, এবং আমরা সেই কাজ চালিয়ে যেতে পেরে গর্বিত।"

2017-2021 এর মধ্যে মোট 4.5 বিলিয়ন মার্কিন ডলার পুনর্বাসন ব্যয় নিয়ে নিউ ইয়র্ক স্টেট ঐতিহাসিক কর ক্রেডিট ব্যবহার করার ক্ষেত্রে দেশের শীর্ষেই রয়েছে। 2011 সাল থেকে, ঐতিহাসিক কর ক্রেডিট কর্মসূচি নিউ ইয়র্ক স্টেটে 12 বিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রকল্প ব্যয়কে উদ্দীপিত করেছে, উল্লেখযোগ্য পরিমাণ বিনিয়োগ ও নতুন কর্মসংস্থান সৃষ্টি করেছে। একটি প্রতিবেদন অনুযায়ী, 2017-2021 সালের মধ্যে এই ক্রেডিট নিউ ইয়র্ক স্টেটে 69,769টি কর্মসংস্থান সৃষ্টি করেছে এবং 1.3 বিলিয়ন মার্কিন ডলার স্থানীয়, স্টেট ও ফেডারেল কর সৃষ্টি করেছে।

স্টেট এবং জাতীয় নিবন্ধন তালিকা হল নিউ ইয়র্ক এবং দেশের ইতিহাস, স্থাপত্যকলা, নৃবিজ্ঞান এবং সংস্কৃতির উল্লেখযোগ্য ভবন, স্থাপনা, জেলা, ল্যান্ডস্কেপ, বস্তু এবং সাইটের সরকারি তালিকা। ঐতিহাসিক স্থানের জাতীয় নিবন্ধন তালিকায় এককভাবে অথবা ঐতিহাসিক জেলার অংশ হিসেবে পুরো স্টেটের 120,000টির বেশি ঐতিহাসিক সম্পত্তি রয়েছে। মনোনয়নের স্পন্সর করেছে সম্পত্তির মালিকগণ, মিউনিসিপালিটি এবং পুরো স্টেটের সম্প্রদায়সমূহের সংস্থাসমূহ।
স্টেটের ঐতিহাসিক সংরক্ষণ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকারী কমিশনার একবার সুপারিশসমূহ অনুমোদিত করলে, সম্পত্তিগুলি নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিক স্থানের নিবন্ধন তালিকায় (New York State Register of Historic Places) অন্তর্ভুক্ত হবে এবং এরপর জাতীয় ঐতিহাসিক স্থানের নিবন্ধন তালিকায় জন্য মনোনীত হবে, যেখানে সেগুলি পর্যালোচনা করা হবে এবং একবার অনুমোদিত হয়ে গেলে জাতীয় নিবন্ধন তালিকায় অন্তর্ভুক্ত হবে। মনোনয়নের

ছবিসহ আরো তথ্য, অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশনের ওয়েবসাইটে পাওয়া যাবে।

ক্যাপিটাল ডিস্ট্রিক্ট

কলাম্বিয়া টার্নপাইক ইস্ট টোলহাউজ, কলাম্বিয়া কাউন্টি - হিলসডেল টাউনের স্টেট রুট 23 এর উত্তর পাশে অবস্থিত কলাম্বিয়া টার্নপাইক ইস্ট টোলহাউজটি নিউ ইয়র্ক স্টেটের টার্নপাইক যুগের একটি বিরল ও উল্লেখযোগ্য টিকে থাকা ভবন। প্রাক্তন কলাম্বিয়া টার্নপাইক ছিলো ওয়েস্টার্ন ম্যাসাচুসেটস ও হাডসনের হাডসন নদীর মধ্যকার একটি ওভারল্যান্ড রুট, যা 1799 ও 1906 সালের মধ্যে সক্রিয় ছিলো। একজন টোল রক্ষকের বাড়ি হিসেবে কাঠের কাঠামোর টোলহাউজটি নির্মিত হয়েছিলো এবং 1906 সাল পর্যন্ত ভবনটির সামনে একটি টোল গেট ছিলো যা রাস্তার ট্র্যাফিক চলাচল সীমিত করার জন্য উঠানো নামানো যেতো। ভবনটিকে 2016 সালে ঐতিহাসিক স্থানের জাতীয় নিবন্ধন তালিকায় অন্তর্ভুক্ত করা হয় এবং সংশোধনীটির প্রস্তাব হলো ভবনটিকে ট্র্যাফিক ও রাস্তার বিপদ থেকে রক্ষা করতে ত্রিশ ফুট সরিয়ে নেওয়া। বোর্ড পর্যালোচনার পর নতুন অবস্থানটিকে মূল সাইটের চরিত্রের সাথে মানানসই হিসেবে অনুমোদন দিয়েছে। ফ্রেন্ডস অফ ইস্ট গেটের নেতৃত্বে এই স্থানান্তরটিতে ভবনটির মূল বৈশিষ্ট্য, দিকমুখিতা, এবং রাস্তার সাথে ঐতিহাসিক আন্তঃসম্পর্ক অন্তর্ভুক্ত ও বজায় রাখা হবে।

ফিঙ্গার লেকস

ওক হিল কান্ট্রি ক্লাব, মনরো কাউন্টি - পিটসফোর্ড টাউনের ওক হিল কান্ট্রি ক্লাব নির্মিত হয় 1924-26 সালে, যেখানে একটি বড় টিউডর রিভাইভাল ধাঁচের ক্লাবহাউজকে ঘিরে দুইটি এইটিন-হোলের গলফ কোর্স রয়েছে। উভয় কোর্সের নকশা করেছে বিংশ শতাব্দীর অভিজ্ঞ গলফ কোর্স নকশাকার ডোনাল্ড রস এবং এগুলি রসের কাজের উত্তম নিদর্শন, যার মূল বৈশিষ্ট্য হলো একটি প্রাকৃতিক পন্থা গ্রহণ করা। তিনি প্রাক্তন খামারভূমির বিস্তৃত ঢালু ঢালকে ব্যবহার করেছেন সূক্ষ্মভাবে বাঁকযুক্ত সবুজসহ দীর্ঘ ফেয়ারওয়ে স্থাপন করার জন্য, যার ফলে সামনে ও পাশে থেকে কৌশলগতভাবে সবুজকে ঘিরে রাখা বাঙ্কার উন্মুক্ত খেলার পন্থা প্রদান করেছে। কোর্সগুলি পরবর্তীতে সদস্যদের নেতৃত্বে একটি প্রগতিশীল গাছের কর্মসূচি দ্বারা উন্নত করা হয়েছে, যা বিস্তৃত ও কৌশলগত গাছ লাগানোর ফলে বাড়তি চ্যালেঞ্জ যোগ করে। যদিও সমসাময়িক গলফ মানদণ্ডের সাথে মানানসই রকার জন্য ইস্ট কোর্সটিকে বেশ কয়েকবার পরিবর্তন করা হয়েছিলো, সম্প্রতি এটিকে মূল নকশার কাছাকাছি নিয়ে গিয়ে পুনঃস্থাপন করা হয়েছে। ওয়েস্ট কোর্সটিতে রসের নকশা প্রায় সম্পূর্ণ অক্ষত রয়েছে। ছড়ানো টিউডর রিভাইভাল ক্লাবহাউজটি 1929 সালে একটি স্থানীয় ফার্ম, টম্পসন, হোমস অ্যান্ড কনভার্সের নকশায় নির্মিত হয়েছিলো, এবং এটি এই ধরনের একটি দারুণ ও অধিক মাত্রার অক্ষত উদাহরণ।

টড ইউনিয়ন, মনরো কাউন্টি - টড ইউনিয়ন হলো রচেস্টার সিটির রচেস্টার ইউনিভার্সিটির রিভার ক্যাম্পাসে অবস্থিত একটি জর্জিয়ান রিভাইভাল ধাঁচের ভবন। 1930 সালে নির্মিত এবং রচেস্টারের বিশিষ্ট ব্যবসায়ী ও ক্যাম্পাস অ্যাডভোকেট জর্জ ডব্লিউ টডের নামানুসারে নামকরণকৃত ভবনটির নকশা করেছে রচেস্টারের স্থপতি গর্ডন ও ক্যালবার। এর নির্মাণকাজটি একটি কর্মকাণ্ডের কেন্দ্র হিসেবে এর ভূমিকার প্রতিফলন করে, যার মধ্যে আছে খাওয়াদাওয়া, সামাজিক কেনাকাটা, নাপিত, খেলা, এবং শিক্ষার্থীদের জন্য ক্লাব সুবিধা। রচেস্টার ইউনিভার্সিটির গে লিবারেশন ফ্রন্টের (University of Rochester's Gay Liberation Front, UR

GLF) সাথে টড ইউনিয়নের অনেক আগে থেকেই একটি উল্লেখযোগ্য সম্পর্ক রয়েছে, এটি ক্যাম্পাসে এবং রচেস্টারে গে স্বাধীনতা আন্দোলন অগ্রসর করতে কাজ করেছে এমন একটি সংগঠন। টড ইউনিয়নের একটি অফিস থেকে কাজ করে, UR GLF সংস্থান সংগ্রহ ও বণ্টন করেছে, কর্মসূচি এবং অ্যাডভোকেসি ইভেন্টের আয়োজন করেছে, বিশেষ কর্মকাণ্ডের পরিকল্পনা করেছে, *দ্য এম্পটি ক্লোজেট* পত্রিকার প্রথমদিকের সংস্করণের প্রযোজনা করেছে এবং সম্প্রদায় গঠন করেছে। UR GLF কে রচেস্টার এলাকার LGBTQ+ অধিকার আন্দোলন ও সক্রিয়তাবাদের উৎস হিসেবে বিবেচনা করা হয় এবং শিক্ষার্থী ও সম্প্রদায়ের সদস্যদের মধ্যকার দূরত্ব মেটাতে টড ইউনিয়ন একটি গুরুত্বপূর্ণ স্থান হিসেবে কাজ করেছে, যা শহরে এবং আশেপাশের এলাকায় একটি সমৃদ্ধশালী ও দৃশ্যমান LGBTQ+ সম্প্রদায় গঠনে সাহায্য করেছে।

Long Island

ইয়র্ক হল, সাফোক কাউন্টি - প্রাক্তন কিংস পার্ক সাইকিয়াট্রিক সেন্টারের (Kings Park Psychiatric Center, KPPC) জমিতে এবং বর্তমানে কিংস পার্কের হ্যামলেটের নিসেকুয়োগ রিভার স্টেট পার্কের সীমানার মধ্যে অবস্থিত ইয়র্ক হল একটি কলোনিয়াল রিভাইভাল ধাঁচের থিয়েটার ভবন যার নকশা করেছে নিউ ইয়র্ক স্টেটের স্থপতির অফিস এবং যা 1930 দশকের শুরুর দিকে নির্মিত হয়। এটি একটি নমনীয়, মিশ্র ব্যবহারের ফ্যাসিলিটি ছিলো যেখানে ব্যাপক ব্যাপ্তির হাসপাতাল ও সম্প্রদায়ের কর্মকাণ্ডের কাজের স্থান পাওয়া হতো, যেমন থিয়েট্রিক্যাল প্রোডাকশন, সঙ্গীত, সিনেমা; বাস্কেটবল ও অন্যান্য বিনোদনমূলক ক্রীড়া; নৈশভোজ; ধর্মীয় অনুষ্ঠান; রোগীর পারফর্ম্যান্স, প্রদর্শনী ও শিল্পকর্ম বিক্রি এবং আরো অনেক কিছু। এটি হাসপাতালকে সম্প্রদায়ের সাথে যুক্ত করার একটি সাইট হিসেবে কাজ করতো এবং কর্মী ও রোগী জনগোষ্ঠীর জীবনে একটি কেন্দ্রীয় ভূমিকা পালন করতো।

মিড-হাডসন

ওয়েস্টমিনিস্টার প্রেসবাইটেরিয়ান চার্চ, ওয়েস্টমিনিস্টার কাউন্টি - প্রাক্তন ওয়েস্টমিনিস্টার প্রেসবাইটেরিয়ান চার্চ, যা বর্তমানে মেসিয়াহ ব্যাপ্টিস্ট চার্চ, ইয়োঙ্কার্স সিটিতে অবস্থিত। 1880 সালে প্রথম নির্মিত এবং নিউ ইয়র্ক সিটির গির্জা স্থপতি লরেন্স বি. ভ্যাকের নকশা করা ভবনটি ঊনবিংশ শতাব্দীর শেষের দিকের গথিক রিভাইভাল প্রোটেস্ট্যান্ট অডিটোরিয়াম গির্জার একটি বলিষ্ঠ উদাহরণ। 1965 সালে, ওয়েস্টচেস্টার কাউন্টির প্রাচীনতম কৃষ্ণাঙ্গ গির্জা জমায়েত, মেসিয়াহ ব্যাপ্টিস্ট চার্চের কাছে ভবনটিকে বিক্রি করে দেওয়া হয়। ঊনবিংশ শতাব্দীর শেষ থেকেই গির্জাটি ইয়োঙ্কার্স এবং ওয়েস্টচেস্টার উভয় কাউন্টির কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ে একটি কেন্দ্রীয় ভূমিকা পালন করেছে এবং এটি নাগরিক অধিকার আন্দোলনের একটি আঞ্চলিক কেন্দ্রবিন্দু ছিলো। 1965 সালে গির্জাটি একটি নিগ্রো আমেরিকান লেবার কাউন্সিল র‍্যালি আয়োজন করে, যেখানে রেভারেন্ড ডাঃ মার্টিন লুথার কিং জুনিয়র, নিগ্রো আমেরিকান লেবার কাউন্সিলের এ. ফিলিপ র‍্যান্ডলফ, এবং রেসিয়াল ইকুয়ালিটি কংগ্রেসের জেমস ফার্মার বক্তব্য প্রদান করেন। 1988 এবং 1990 সালের মধ্যে, রেভারেন্ড ড্যারিল জর্জের নেতৃত্বাধীনে, মেসিয়াহ ব্যাপ্টিস্ট চার্চটি ইয়োঙ্কার্সে হাই প্রোফাইল ডিসেগ্রিগেশন আন্দোলন শুরু ও আয়োজন করার একটি মূল ভিত্তি ছিলো।

টিয়োরোন্ডা এস্টেট-ক্রেগ হাউজ ঐতিহাসিক জেলা, ডাচেস কাউন্টি - বিকন সিটি এবং ফিশকিল টাউনে অবস্থিত ঊনষাট একর সম্পত্তির কেন্দ্র হলো জোসেফ ও এলিজা উলসে

হাওল্যান্ডের ঊনবিংশ শতাব্দীর মাঝামাঝি সময়ের টিয়োরোন্ডা এস্টেট, এতে রয়েছে একটি গথিক রিভাইভাল মূল বাড়ি এবং কলোনিয়াল রিভাইভাল ও ইংলিশ কটেজ সংযোজন ও বাহ্যিক ভবন যার পুরোটি একটি ছবির মোট সুন্দর নকশা করা অবস্থানে অবস্থিত। হাওল্যান্ডদের জন্য এস্টেট ভবনগুলির নকশা করেছেন স্থপতি ফ্রেডরিক ক্লার্ক উইদার্স এবং রিচার্ড মরিস হান্ট, সাথে ছিলেন হাওল্যান্ডের বোন ক্যাথেরিন, যিনি 1861 সালে হান্টকে বিয়ে করেন। ল্যান্ডস্কেপ নকশা করেছেন হর্টিকালচারিস্ট হেনরি উইনথ্রোপ সার্জেন্ট, তিনি অ্যান্ড্রিউ জ্যাকসন ডাউনিংয়ের একজন ছাত্র ও অনুগ্রাহী ছিলেন। 1915 সালে, ডক্টর ক্ল্যারেন্স জোনাথন স্লোকাম এবং ডক্টর রবার্ট ল্যাম্ব এস্টেটটি কিনে নেন এবং এটি ক্রেগ হাউজ স্যানিটেরিয়াম নামের একটি বেসরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান হয়ে যায় যা মানসিক স্বাস্থ্য সেবার ক্ষেত্রে নৈতিক চিকিৎসা ব্যবস্থার পক্ষে কাজ করে। নৈতিক চিকিৎসার একজন শীর্ষস্থানীয় অনুশীলনকারী ডক্টর স্লোকাম হাসপাতালে গ্রামীণ কান্ট্রি হাউজ এবং ছবির মতো ল্যান্ডস্কেপের সকল বৈশিষ্ট্য যোগ করেন, যা সুন্দর প্রাকৃতিক অবস্থায় স্বতন্ত্র চিকিৎসার উপর নির্ভর করতো। 1950 দশকের মধ্যে, মানসিক স্বাস্থ্যের জন্য ওষুধভিত্তিক চিকিৎসা ক্রেগ হাউজের মতো ফ্যাসিলিটির প্রয়োজন শেষ করে দেয়।

<u>মোহক ভ্যালি</u>

দ্য বিচেস ঐতিহাসিক জেলা, ওনিডা কাউন্টি - দ্য বিচেস হলো রম সিটিতে বিংশ শতাব্দীর শুরু দিকের একটি বড় ও পরিশীলিত কান্ট্রি এস্টেট। ভবনগুলি ও আশেপাশের ভূমির নকশা করা হয় 1916 থেকে 1949 এর মধ্যে, একজন স্থানীয় বিজ্ঞানী ও ব্যবসায়ী ফ্র্যাঙ্ক পটারের পরিবারের জন্য এবং এটিতে রয়েছে ছয়টি টিউডর রিভাইভাল পাথরের ভবন, একটি ঐতিহাসিক কংক্রিট পুল, এবং দুইটি পাথরের গেটের কাঠামো। ল্যান্ডস্কেপে রয়েছে বনভূমি এবং ঢালু, উন্মুক্ত লন, একটি পেঁচানো ড্রাইভওয়ে যা পাহাড়ের উপরে ও নিচের ভবনসমূহকে সংযুক্ত করে। রোমের অর্থনৈতিক ইতিহাসে এর অবদানের জন্যও দ্য বিচেস গুরুত্বপূর্ণ, বিশেষ করে ডেস্টিনো পরিবারের সাথে এর সম্পৃক্ততার জন্য, পরিবারটি 1949 সালে দ্য বিচেস কিনে নেয় এবং এটিকে আঞ্চলিকভাবে গুরুত্বপূর্ণ একটি রেস্টুরেন্ট ও মোটেল কমপ্লেক্সে পরিণত করে। একটি জর্জিয়ান রিভাইভাল মোটেলের মতো রাতে থাকার ব্যবস্থা যোগ করার মাধ্যমে, এবং গলফ ও সাঁতারের মতো কর্মকাণ্ড যোগ করার মাধ্যমে, তারা আঞ্চলিক পর্যটকদের আকৃষ্ট করতে রেস্টুরেন্টের আবেদন বৃদ্ধি করে, এর জন্য তারা নতুন গ্রিফিস এয়ার ফোর্স ঘাঁটির, সম্প্রতি কাজ শেষ হওয়া নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে, এবং অ্যাডিরন্ড্যাক মাউন্টেন্স, ভার্নন ডাউনস রেসওয়ে এবং কেনাকাটার দোকানের নিকটে অবস্থিত হওয়াকে কাজে লাগায়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তীতে পর্যটন বলীয়ান হওয়ার সাথে এটি মিলিত হয়ে তাদের ব্যবসাকে সফল, জনপ্রিয় এবং টেকসই করে, একবিংশ শতাব্দী পর্যন্ত আঞ্চলিক অর্থনীতিকে বলীয়ান করে।

ফার্স্ট চার্চ অফ ক্রিস্ট, সাইন্টিস্ট, ওনিডা কাউন্টি - 1914 সালে প্রথমে ইউটিকা সিটিতে নির্মিত, প্রাক্তন ফার্স্ট চার্চ অফ ক্রিস্ট, সাইন্টিস্টের নকশা করেছে ইউটিকা স্থাপত্য ফার্ম অ্যাগ্নে, রাসমার অ্যান্ড জেনিসন। এটি অধিক মাত্রায় অক্ষত রয়েছে এবং এটি ক্ল্যাসিকাল রিভাইভাল স্থাপত্য নকশার বিশিষ্ট উদাহরণ এবং এটি কন্টেম্পরারি খ্রিস্টান সাইন্টিস্ট গির্জাসমূহের প্রচারকৃত সরল, যৌক্তিক বিশ্বাসকে মূর্ত করে। বর্তমানে ওনিডা কাউন্টি হিস্টোরিক্যাল সোসাইটি এর মালিক এবং এটি ওনিডা কাউন্টি হিস্ট্রি সেন্টার হিসেবে পরিচিত।

<u>নিউ ইয়র্ক সিটি</u>

ইংলিশ ইভাঞ্জেলিক্যাল লুথেরান রিফর্মেশন চার্চ, কিংস কাউন্টি - ব্রুকলিনের ইস্ট নিউ ইয়র্কের সাইপ্রেস হিলস এলাকায় অবস্থিত, 1908 সালের ইট ও টেরকোটার গির্জাটির নকশা করেছিলেন নিউ ইয়র্কের স্থপতি উইলিয়াম পি. ব্যানিস্টার এবং রিচার্ড এম. শেল, যাদের ফার্মের বিশেষত্ব ছিলো একলেসিয়াস্টিক ভবন। ইংলিশ গথিক রিভাইভাল ধাঁচের গির্জাটি নির্মাণের সময় এটি ব্রুকলিনের লুথেরান শ্রেণীর মধ্যে অনন্য ছিলো, এবং গতানুগতিক জার্মান গির্জার স্থাপত্য ধাঁচ থেকে সরে আসার বিষয়টি এলাকার ইংরেজিভাষী মূলধারায় মিলিত হওয়ার জন্য, অর্থাৎ প্রার্থনার সময় এবং শিক্ষামূলক কর্মসূচিতে ইংরেজি যোগ করার ব্যাপারে গির্জার সদস্যদের ইচ্ছাকে সমর্থন করার ক্ষেত্রে জমায়েতের সিদ্ধান্তের প্রতিফলন। 2016 সালে মেট্রোপলিটন নিউ ইয়র্ক সাইনোডের দ্বারা বিক্রিত ভবনটি এখন "সিটাডেল ক্যাথিড্রাল অফ প্রেইস অ্যান্ড ওরশিপ" নাম পরিচিত এবং এটি একটি সক্রিয় পেন্টেকোস্টাল জমায়েত হিসেবে ব্যবহৃত হয়।

প্রসপেক্ট লেফার্টস গার্ডেন্স ঐতিহাসিক জেলা, কিংস কাউন্টি - ব্রুকলিন বরোতে প্রসপেক্ট লেফার্টস গার্ডেন্স এলাকার কেন্দ্রে অবস্থিত প্রসপেক্ট লেফার্টস গার্ডেন্স ঐতিহাসিক জেলা প্রায় 800 অংশগ্রহণকারী সংস্থান নিয়ে গঠিত। এই জেলার নির্মাণ ইতিহাস লেফার্টস ম্যানর ঐতিহাসিক জেলা (NRHP 1992) এবং লেফার্টস ম্যানর ঐতিহাসিক সীমানা বৃদ্ধি (NRHP 2017) থেকে পৃথক, এবং সেজন্য এটিকে এর নিজস্ব ঐতিহাসিক জেলা হিসেবে স্বীকৃতি দেওয়া হচ্ছে। যেমন, লেফার্টস ম্যানর ঐতিহাসিক জেলা এবং সীমানা বৃদ্ধির সম্পত্তিতে সীমাবদ্ধকারী চুক্তি রয়েছে যা এলাকাকে একটি অত্যন্ত অনন্য ধাঁচ প্রদান করেছে, কিন্তু প্রসপেক্ট লেফার্টস গার্ডেন্স ঐতিহাসিক জেলাটি আরো স্বতঃস্ফূর্তভাবে বিবর্তিত হয়েছে। 1890 দশক এবং 1930 দশকের মধ্যে, ব্রুকলিনের বহু সফল নির্মাতা ও স্থপতি জেলার সারির বাড়ি, অ্যাপার্টমেন্ট ভবন, এবং মিশ্র ব্যবহারের ভবনের নকশা করার সময় জনপ্রিয় শহুরে স্থাপত্য ধাঁচ যোগ করেছেন, যেমন টিউডর রিভাইভাল, নিওক্ল্যাসিকাল এবং আর্ট ডেকো ধাঁচসমূহ।

নিউ ইয়র্ক সিটির টেম্পল ইসরায়েল, নিউ ইয়র্ক কাউন্টি - বর্তমানে ইয়ং ইসরায়েল অফ দ্য ওয়েস্ট সাইড নাম পরিচিত, ম্যানহাটনের আপার ওয়েস্ট সাইড এলাকার ঐতিহাসিক এই সিনাগগটিতে রয়েছে একটি তিনতলা স্যাংচুয়ারি স্থান এবং একটি সংযুক্ত চারতলা সম্প্রদায়ের ভবন। স্থপতি উইলিয়াম টাকাউয়ের নকশা করা এবং 1922 সালে নির্মিত সিনাগগটি এর ক্ল্যাসিকাল রিভাইভাল ধাঁচ এবং প্রার্থনা ও সম্প্রদায়ের জমায়েত হওয়ার স্থান উভয়ের সমন্বয়ে বিংশ শতাব্দীর শুরুর দিকের আমেরিকান সিনাগগ নকশার একটি উদাহরণ। এই "সিনাগগ-কেন্দ্র" ধারণাটি অনন্যভাবে আমেরিকান সিনাগগ প্রকারের এবং এটি ইহুদি ধর্মসভাসমূহকে ধর্মীয় প্রার্থনা, শিক্ষা, এবং নিজেদের সম্প্রদায়ে সামাজিকতা রক্ষার একটি স্থান প্রদান করে। সিনাগগের নির্মাণকাজটি বহু ইহুদীর হার্লেম থেকে আপার ওয়েস্ট সাইডে চলে আসার একই সময়ে হয়েছে, যেহেতু প্রথম বিশ্বযুদ্ধের পর তখন শহরে আবাসন মজুদ ও জনতাত্ত্বিক পরিবর্তন হচ্ছিলো। বর্তমানে, ভবনটি ইহুদীদের জন্য গৃহ এবং আপার ওয়েস্ট সাইড এলাকার সম্প্রদায়ের জন্য ধর্মনিরপেক্ষ স্থান হিসেবে ব্যবহৃত হচ্ছে।

<u>সাউদার্ন টিয়ার</u>

প্র্যাটসবার্গ বাণিজ্যিক ঐতিহাসিক জেলা, স্টুবেন কাউন্টি - প্র্যাটসবার্গ বাণিজ্যিক ঐতিহাসিক জেলাটি 1870 দশক থেকে শুরু করে আজ পর্যন্ত প্র্যাটসবার্গের ছোট হ্যামলেটটির প্রায় সম্পূর্ণ বাণিজ্যিক ইতিহাসের প্রতিনিধিত্ব করে। জেলাটি হলো আটটি মিশ্র ব্যবহারের ইট ও

কংক্রিট ভবনের একটি ধারাবাহিক সারি যার মধ্যে রয়েছে ইতালিয়ান্টে এবং নিওক্ল্যাসিকাল ধাঁচের স্থাপনা যা আনুমানিক 1874 এবং 1913 এর মাঝে স্থাপিত হয়েছিলো। পাশাপাশি, জেলাটিতে পাঁচটি ভবনের একটি সমষ্টি রয়েছে যা সংশ্লিষ্ট গুদামঘর, দোকান ও আস্তাবল হিসেবে নির্মিত হয়েছিলো এবং এগুলি মূল ব্যবসা জেলার সময়কাল ও কার্যকারিতার সাথে নিবিড়ভাবে সম্পর্কযুক্ত। গ্রামের মধ্যকার একটি অনন্য সমষ্টি হিসেবে, বাণিজ্যিক এই ভবনগুলি ওয়েস্টার্ন নিউ ইয়র্কে ঊনবিংশ শতাব্দীর শেষের দিকে এবং বিংশ শতাব্দীর শুরুর দিকের বাণিজ্যিক স্থাপত্যের গতানুগতিক ধাঁচ প্রদর্শন করে।

স্টুয়ার্ট পার্ক, টম্পকিনস কাউন্টি - ইথাকা সিটির মালিকানাধীন স্টুয়ার্ট পার্কটি বহু প্রজন্ম ধরে ইথাকার বাসিন্দাদের উপভোগযোগ্য একটি বিনোদনমূলক পার্ক হয়ে আছে। পার্কের ল্যান্ডস্কেপটি ইথাকার সরকারি বিনোদনমূলক সংস্থানের বিবর্তনের প্রতিফলন করে, যা পার্কের বৈশিষ্ট্য ও সুযোগ সুবিধার সমষ্টি দেখলে বোঝা যায়। চারটি ঐতিহাসিক পার্সেলের মধ্যে পাঁচটি দৃশ্যত অনন্য এলাকা রয়েছে, যার সবকয়টি 1800 শতকের শেষের দিক থেকে শুরু করে 1950 দশকের মধ্যে নির্মিত হয়েছে। রেনউইক পার্ক, ক্যাসক্যাডিয়া অ্যাথলেটিক গ্রাউন্ডস, ফুয়েরটেস বার্ড স্যাংচুয়ারি, রেনউইক ওয়াইল্ডউড, এবং নিউম্যান গলফ কোর্স। একেক সময় ভিন্ন ভিন্ন সত্তার মালিকানাধীনে বা লীজের অধীনে থাকা এর বিকাশকে প্রভাবিত করেছে, এরা হলো রেনউইক পরিবার; ক্যাসক্যাডিয়া স্কুল, ইথাকা স্ট্রিট রেলওয়ের ক্যাইয়ুগা লেক ডিভিশন; হোয়ার্টন ইনকর্পোরেটেড ফিল্ম স্টুডিও। 1921 সালের মধ্যে ইথাকা সিটি সকল পৃথক পার্সেল অধিগ্রহণ করে এবং 1923 সালে বিনামূল্যে জনগণের ব্যবহারের জন্য স্টুয়ার্ট পার্ক খুলে দেয়। পার্কটি এমন একাধিক ভবন ও কাঠামো ধরে রেখেছে যা উচ্চমাত্রার স্থাপত্য অখণ্ডতাসহ নিজেদের প্রকারের বিরল টিকে থাকা উদাহরণ যা নিজেদের ব্যবহারের জন্য বাছাইকৃত ধাঁচকে তুলে ধরে, যার মধ্যে আছে একটি বোটহাউজ, প্যাভিলিয়ন, টেনিস কোর্ট, প্ল্যাটফর্ম, একটি ক্যারাউজেল, পায়ে চলা ব্রিজ, খেলার স্থান, গেটওয়ে, একটি টি হাউজ এবং আরো অনেক কিছু।

<u>ওয়েস্টার্ন নিউ ইয়র্ক</u>

লাস্ট্রন হাউজ ওয়েস্টচেস্টার ডিলাক্স মডেল M02 #01310, ইরি কাউন্টি - ইডেন টাউনে অবস্থিত লাস্ট্রন হাউজ ওয়েস্টচেস্টার ডিলাক্স মডেল M02 #01310 হলো লাস্ট্রন পূর্বে প্রস্তুতকৃত বাড়ির একটি দারুণ, অক্ষত উদাহরণ যেখানে একটি অক্ষত সমন্বিত মডেলের G-1 লাস্ট্রন গ্যারেজ রয়েছে। উভয়েই হলো দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর লাস্ট্রন কর্পোরেশনের স্বল্প সময়ের অস্তিত্বের সময়ে তাদের বিরল প্রকৃতির পূর্বে প্রস্তুতকৃত, পাইকারিভাবে উৎপাদিত আবাসনের লক্ষণীয় উদাহরণ। লাস্ট্রন হাউজের এনামেল করা স্টিল প্যানেল দ্বারা এদের সহজে চেনা যায় এবং যুদ্ধের পরপর আবাসন ঘাটতির কারণে যেই উদ্ভাবনের সূচনা হয়েছিলো এবং শিল্পায়নের অগ্রগতির ফলে যা সম্ভব হয়েছিলো, এরা তার প্রতিনিধিত্ব করে। দেশজুড়ে যেকোনো স্থানে বাক্সে ভরে পাঠানো ও জোড়া দেওয়া যাবে বলে লাস্ট্রন হাউজগুলি বাজারজাত করা হয় কিন্তু এগুলি নিয়ে অনেক ধুমধাম হলেও 1946-1950 সালের মধ্যে 2,700টিরও কম বাড়ি তৈরি হয়েছিলো। ওয়েস্টচেস্টার ডিলাক্স মডেল এবং গ্যারেজ প্রথমে 1949/1950 সালে শ্যাটাকোয়া কাউন্টির ওয়েস্টফিল্ডে নির্মিত হয় এবং 2017 সালে তা মূল কোম্পানির জোড়া দেওয়ার নির্দেশনা মেনে সাবধানে খুলে ফেলা হয় এবং পরবর্তীতে 2018 সালে ইডেনে একটি নতুন ভিত্তির উপর পুনরায় জোড়া দেওয়া হয়।

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস 250 এর বেশি একক পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদন ট্রেইল, এবং নৌকা চলাচল দেখাশোনা করে, যেসব স্থানে 2022 সালে 79.5 মিলিয়ন মানুষ বেড়াতে এসেছে। এইসব বিনোদন এলাকার যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য, ভিজিট করুন www.parks.ny.gov, বিনামূল্যে ডাউনলোড করুন NY স্টেট পার্কস এক্সপ্লোরার মোবাইল অ্যাপটি বা ফোন করুন 518.474.0456 নম্বরে।
এছাড়াও, ফেসবুক, ইনস্টাগ্রাম ও টুইটারে সংযুক্ত হোন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন